# তুঁত নার্সারি



- তুঁত গাছ সহজেই ডাল এবং চারাগাছ থেকে তৈরী করা যায়
- গাছ দ্রুত এবং সমানভাবে বৃদ্ধি পায়
- বেঁচে থাকার হার খুব বেশি
- পাতার গুণগত মান খুব ভাল

## নার্সারি বেড তৈরীর প্রস্তুতি

- জলসেচের সুবিধা আছে , সমতল, উন্নত, অতিরিক্ত জল বের হওয়ার ব্যাবস্থা আছে এমন জমি নার্সারি বেডের জন্য নির্বাচন করুন
- দোআঁশ মাটি আদর্শ এবং যদি মাটি কাদাযুক্ত হয় তবে প্রতি বেডে ৫ প্যান বালি মেশান
- গভীর লাঙল দিন (30-40 সেমি) এবং 2-3 সপ্তাহের জন্য রোদে শুকানোর জন্য ছেরে দিন
- এফওয়াইএম বা ভার্মিকম্পোস্ট 10 এম. টন / হেক্টর হারে মিশ্রিত করুন,2-3 বার লাঙ্গল দিয়ে মাটি আলগা এবং সমান করতে হবে
- 25-30 সেমি সেচ চ্যানেল দ্বারা পৃথক 5-10 সেমি উচ্চতর বেড(300 সেমি x 120 সেমি) প্রস্তুত করুন





## কাটিং তৈরী এবং প্রাক চিকিৎসা প্রস্তুতি

- ১০-১৫ মিমি ব্যাসের স্বাস্থ্যকর (৬-৮ মাস বয়সী) ডাল নির্বাচন করুন
- ১৫-২০ সেমি লম্বা, ৩-৪ ভাল কুঁড়ি আছে এমন কাটা ডালগুলি নির্বাচন করুন
- প্রান্তগুলি সুন্দরভাবে কাটতে তীক্ষ্ণ ছুরি অথবা সিকেচার ব্যবহার করুন
- ছত্রাকের আক্রমণ এড়াতে ১৫ মিনিটের জন্য কার্বেনডাজিমের [৫0% ডব্লুপি(0.2%)] দ্রবণে ডুবিয়ে রাখুন
- শিকড় উন্নত করতে বাণিজ্যিক রুটিং হরমোন ব্যবহার করুন
- যদি কাটিংগুলি রেখে দেবার দরকার তাহলে ছায়ার নীচে খড় দিয়ে ভেজা বালির বিছানাতে ২-৩ দিনের জন্য রেখে দিন

## কাটিং রোপণ এবং তার পরবর্তি যত্ন

- ১০-১৫ সেমি. উচ্চতায় কাটা কাটিংগুলি লাগাতে হবে ( ৪-৫ মাস বয়সের চারাগাছ )
- কাটিংগুলি দৃঢভাবে মাটির সঙ্গে সোজাসুজি অবস্থানে সামান্য হেলিয়ে এমনভাবে লাগাতে হবে যেন একটি কুঁড়ি মাটির উপর থাকে
- কাটিং রোপণের পরপরই নার্সারি বেডে সেচ দিন এবং পরে 4-5 দিনের ব্যবধানে সেচ দিন
- 25-30 দিন এবং 55-60 দিনের ব্যবধানে নিড়ানি প্রয়োজন
- দ্বিতীয় আগাছা নিড়ানোর পরে অ্যামোনিয়াম সালফেট (500 গ্রাম) বা ইউরিয়া (250 গ্রাম) প্রয়োগ করুন
- পোকামাকড় ও রোগ এড়াতে প্রস্তাবিত গাছের সুরক্ষা ব্যবস্থা অনুসরণ করুন







## চারাগাছ তোলা,ড্রেসিং এবং রোপণ

- চারা উপড়ে ফেলার ২-৩ দিন আগে নার্সারি বেডে সেচ দিন
- অতিরিক্ত শিকড় এবং দীর্ঘ শিকড়গুলি সুবিধাজনক আকারে কাটা যেতে পারে
- চারাগাছ তোলার পরপরই গর্তে চারা রোপণ করুন
- পরিবহণের জন্য, চারাগাছ গুলির বান্ডিল ভেজা চট দিয়ে প্যাক করুন